

PROCTOR OFFICE
UNIVERSITY OF CHITTAGONG
CHATTOGRAM-4331, BANGLADESH
Phone : PABX 02334460765-91
Extn-Off : 4369
Fax : 02334460778 :
E-mail : proctor@cu.ac.bd
Website : http://www.cu.ac.bd



প্রক্টর কার্যালয়
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৩১, বাংলাদেশ
ফোন : পিএবিএক্স ০২৩৩৪৪৬০৭৬৫-৯১
এক্সটেন-অফিস : ৪৩৬৯
ফ্যাক্স : ০২৩৩৪৪৬০৭৭৮
ই-মেইল : proctor@cu.ac.bd
ওয়েবসাইট : http://www.cu.ac.bd

Ref. : ৬৬২০(২)/৯৩-প্র/২৬

তারিখ :

১৮-০৫-২০২৬ খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্যাম্পাস এবং আবাসিক হলসমূহে যেকোনো ধরনের র্যাগিং (Ragging) ও বুলিং (Bullying) সম্পূর্ণ নিষিদ্ধ করা হলো। র্যাগিং ও বুলিং একটি গুরুতর ফৌজদারি অপরাধ। এর ফলে শিক্ষার পরিবেশ বিঘ্নিত হওয়া ছাড়াও র্যাগিং ও বুলিং-এর শিকার শিক্ষার্থীর মানসিক বিকাশে চরম বাধা সৃষ্টি করে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সুশৃঙ্খল পরিবেশ অক্ষুণ্ণ রাখতে বিশ্ববিদ্যালয় প্রশাসন এই বিষয়ে "জিরো টলারেন্স" (Zero Tolerance) নীতি গ্রহণ করেছে। কেউ র্যাগিং ও বুলিং করলে বা কাউকে র্যাগিং ও বুলিং করতে প্ররোচিত করলে প্রমাণ সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, বিভাগের নবীন শিক্ষার্থীদের সাথে অন্য কোন বর্ষের শিক্ষার্থীদের পরিচিতি বা মতবিনিময় অনুষ্ঠানের আয়োজন করলে সংশ্লিষ্ট বিভাগের সভাপতির মাধ্যমে প্রক্টর অফিসের অনুমতি নিতে হবে। এমতাবস্থায়, এ বিষয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

বি.দ্র.: বিষয়টি সকল বিভাগ/ইনস্টিটিউট-এর নোটিশ বোর্ড, অফিস ও ক্লাসরুমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

(অধ্যাপক ড. হোসেন শহীদ সরওয়ার্দী)

প্রক্টর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।